গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
(সংস্থাপন শাখা)
(www.sunamganj.gov.bd)

**জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত জেলা বাছাই কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি : মো: জাহাঙ্গীর হোসেন
জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
সভার স্থান : জেলা প্রশাসক, সুনামগঞ্জ এর সম্মেলন কক্ষ।
তারিখ : ১৩/০৬/২০২২ খ্রি:।
সময় : বেলা ২:০০ টা।

উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে)।

সভার প্রারম্ভে উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশলের রূপকল্পের মূল লক্ষ্য হলো সুখী-সমৃদ্ধ সোনার বাংলা গড়া এবং রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করা। সে লক্ষ্যে সরকার ২০১২ সালে 'সোনার বাংলা গড়ার প্রত্যয় : জাতীয় শুদ্ধাচার কৌশল' শিরোনামে জাতীয় শুদ্ধাচার কৌশল (National Inegrity Strategy-NIS) প্রণয়ন করেছেন। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ মোতাবেক প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, সচেতনতা বৃদ্ধি, শুদ্ধাচার চর্চার জন্য প্রণোদনা প্রদান, ই-গভর্নেন্স ও সেবার মান উন্নীতকরণ, স্বচ্ছতা ও জবাবদিহিতা, জনসেবা সহজীকরণের লক্ষ্যে উদ্ভাবনী উদ্যোগ ও সেবা পদ্ধতি সহজীকরণ এর উপর তিনি গুরুত্বারোপ করেন।

উক্ত সভায় সরকার কর্তৃক জারীকৃত শুদ্ধাচার পুরস্কর প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ সভায় উপস্থাপন করা হয়। জেলা ও উপজেলা কার্যালয়ের প্রধান/গ্রেড-৪ হতে গ্রেড-৯ ভুক্ত কর্মচারীদের মধ্য হতে ২ জন, গ্রেড-১০ হতে গ্রেড-১৬ ভুক্ত ১ জন এবং গ্রেড-১৭ হতে গ্রেড-২০ ভুক্ত ১ জন কর্মচারীকে পুরস্কার প্রদানের নিমিত্ত গঠিত বাছাই কমিটির সদস্যগণ কর্তৃক শুদ্ধাচার পুরস্কারের নিমিত্ত নিম্নবর্ণিত সুপারিশ করেন।

বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত ০৪ (চার) জন কর্মকর্তা-কর্মচারীকে উল্লিখিত নীতিমালা অনুসারে ২০২১-২২ অর্থবছরের জন্য জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত নির্বাচন করা হয়:

| ক্রমিক নং | মনোনীত কর্মকর্তা/কর্মচারীর নাম | পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | জনাব অসীম চন্দ্র বনিক | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সুনামগঞ্জ। | |
| ২. | জনাব মো: সাদি উর রহিম জাদিদ | উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ। | |
| ৩. | জনাব বিজিত ভূষণ রায় | প্রশাসনিক কর্মকর্তা, সংস্থাপন শাখা<br>জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ। | |
| ৪. | জনাব খোকন লাল বেগী-২ | পরিচ্ছন্নকর্মী, নেজারত শাখা<br>জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ। | |

সিদ্ধান্ত: বর্ণিত ০৪ (চার) জন কর্মকর্তা-কর্মচারীকে শুদ্ধাচার প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

অত:পর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৩/৬/২০২২
(মো: জাহাঙ্গীর হোসেন)
জেলা প্রশাসক
সুনামগঞ্জ
ও সভাপতি
জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত
জেলা বাছাই কমিটি, সুনামগঞ্জ।
E-mail: dcsunamganj@mopa.gov.bd

স্মারক নং: ০৫.৪৬.৯০০০.০০৬.০৬.০২২.২১-১৮৩

৩০ জ্যৈষ্ঠ, ১৪২৯ ব:
তারিখ :.......................
১৩ জুন, ২০২২ খ্রি:

অনুলিপি : সদয় অবগতির জন্য।
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, সিলেট।

১৩/৬/২০২২
জেলা প্রশাসক
সুনামগঞ্জ।